গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
রাজস্ব শাখা

## সেপ্টেম্বর/২০২১ মাসের বিভাগীয় রাজস্ব সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ খলিলুর রহমান<br>বিভাগীয় কমিশনার, সিলেট |
| সভার তারিখ | ২৩ সেপ্টেম্বর, ২০২১ রোজ বৃহস্পতিবার |
| সভার সময় | বিকাল ৩:০০ ঘটিকা |
| স্থান | জুম এপস্ এর মাধ্যমে স্ব- স্ব দপ্তরে কর্মকর্তাবৃন্দের অবস্থান |
| উপস্থিতি | জুম এপস্ এর মাধ্যমে অনলাইনে অংশগ্রহণকারী কর্মকর্তাগণ |

সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অনলাইনে হোল্ডিং ডাটা এন্ট্রিতে সিলেট বিভাগ উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করায় সভাপতি হোল্ডিং ডাটা এন্ট্রির কাজে জড়িত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর সভাপতির অনুরোধক্রমে জনাব মোঃ ফজলুল কবীর, অতিরিক্ত কমিশনার (রাজস্ব), সিলেট বিভাগ, সিলেট আলোচ্য বিষয়সমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন। ১৬ আগষ্ট, ২০২১ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় রাজস্ব সভার কার্যবিবরণী এ কার্যালয়ের বিগত ২২ আগস্ট, ২০২১ তারিখের ০৫.৪৬.০০০০.০০৬.০৬.০১০.১৫.৩৮৪ নম্বর স্মারকে ই-নথি ও ই-মেইলের মাধ্যমে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। উক্ত কার্যবিবরণীর উপর উপস্থিত সদস্যগণের কোন আপত্তি বা সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হলো।

বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:
বাস্তবায়ন অগ্রগতি পরিশিষ্ট-‘ক’ - তে উপস্থাপন করা হলো

| অনুচ্ছেদ | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | ভূমি উন্নয়ন করের দাবি ও আদায়<br>১.১ সাধারণ দাবি<br>১.২ সংস্থার দাবি<br>১.৩ মোট দাবি ও আদায়(সাধারণ+সংস্থা)<br>১.৪ চা বাগান সংক্রান্ত | (ক) ভূমি উন্নয়ন কর শতভাগ সঠিকভাবে আদায়ের নিমিত্ত বছরের শুরু থেকেই প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(খ) ২০২১-২২ অর্থবছরের শুরুতে সংস্থার ভূমি উন্নয়ন করের দাবী উল্লেখ করে সংশ্লিষ্ট সংস্থার প্রধান বরাবর সরাসরি পত্র দিয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে অনুলিপি প্রেরণ করতে হবে।<br>(গ) চা বাগানের ভূমি উন্নয়ন কর আদায়ের কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার |
| ২ | খাস জমি বন্দোবস্ত | (ক) প্রত্যেক উপজেলায় বছরে কমপক্ষে ২৫টি ভূমিহীন পরিবারকে কৃষি খাসজমি বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে কাজ করতে হবে। | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার |


| | | | |
|---|---|---|---|
| ৩ | ভূমি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন ধরণের ভূমি ব্যবস্থাপনা পরিবীক্ষণ<br>৩.১ সরকারি খাস জমি পুনরুদ্ধার; | (ক) অবৈধ দখলে থাকা খাস জমি পুনরুদ্ধার কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>(খ) পুনরুদ্ধারকৃত সরকারি খাস জমি রক্ষণাবেক্ষণে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার |
| | ৩.২ হাট-বাজার পেরিফেরি বহালকরণ<br>৩.৩ হাটবাজারসমূহে চান্দিনা ভিটি আধা শতক করে একসনা লীজ প্রদান সংক্রান্ত তথ্য | (ক) হাট-বাজারের পেরিফেরি বাড়াতে হবে<br>(খ) হাট-বাজারসমূহে অবস্থিত চান্দিনা ভিটি আধা শতক করে একসনা লীজ প্রদানসহ নবায়নের কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার |
| ৪ | সায়রাত মহাল | (ক) সায়রাত মহাল ইজারা হতে প্রাপ্ত আয় সরকারি কোষাগারে সঠিকভাবে জমা প্রদান করা হয় কিনা বিষয়টি যাচাই করে দেখতে হবে।<br>(খ) ইজারাবিহীন জলমহালগুলোর বিষয়ে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ৫(৪)(খ)অনুযায়ী জলমহালের সরকারি মূল্য নির্ধারণ করে ইজারা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার |
| ৫ | খাস জমি ও অন্যান্য জমি সংক্রান্ত মামলা<br>৫.১ দেওয়ানী মামলা (মূল)<br>৫.২ দেওয়ানী মামলা (আপিল) | (ক) এস.এফ যথাযথভাবে প্রস্তুত করে সঠিক সময়ে প্রেরণ করতে হবে। এস.এফ এর তথ্যে সরকারি স্বার্থ বিরোধী কোন বক্তব্য আছে কিনা তা পরীক্ষা করতে হবে<br>(খ) এস.এফ.এ জমির শ্রেণী উল্লেখ করতে হবে<br>(গ) সরকারি স্বার্থ জড়িত মামলাসমূহে জোর প্রতিদ্বন্দ্বিতা করতে হবে | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার |
| ৬ | সার্টিফিকেট মামলা সংক্রান্ত<br>৬.১ রেন্ট সার্টিফিকেট<br>৬.২ সাধারণ সার্টিফিকেট | (ক) সার্টিফিকেট মামলা নিষ্পত্তির হার বাড়াতে হবে<br>(খ) প্রত্যেক জেলার রেন্ট সার্টিফিকেট মামলার সংখ্যা যাচাই করে সঠিক তথ্য প্রেরণ করতে হবে এবং ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে রাজস্ব আদায়পূর্বক মামলা নিষ্পত্তি করতে হবে | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার |
| ৭ | উপজেলা/ইউনিয়ন ভূমি অফিসের অডিট আপত্তি সংক্রান্ত | (ক) সহকারী হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়ের অডিট আপত্তির সাথে জেলা প্রশাসকের কার্যালয়ের অডিট আপত্তির সংখ্যা যাচাই করে প্রতিবেদন প্রেরণ করতে হবে<br>(খ) সিলেট বিভাগের আওতাধীন জেলাসমূহে দীর্ঘদিনের পেন্ডিং কোন অডিট আপত্তি থাকলে তা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার<br>(৫) সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), সিলেট বিভাগ, সিলেট |

| | | | |
|---|---|---|---|
| ৮ | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) আদালত /অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) আদালতের মামলা নিষ্পত্তি সংক্রান্ত | (ক) মামলা নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে<br>(খ) তিন বছরের উর্ধ্বের সকল মামলাসমূহ ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে দ্রুত নিষ্পত্তি করতে হবে | (১) অতিরিক্ত কমিশনার (রাজস্ব), সিলেট বিভাগ, সিলেট<br>(২-৫) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/ মৌলভীবাজার |
| ৯ | নামজারী ও জমাভাগ | (ক) সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে ই-নামজারী মোকদ্দমা নিষ্পত্তি করতে হবে।<br>(খ) ই-নামজারী সম্পাদনের ক্ষেত্রে কোন সমস্যা পরিলক্ষিত হলে উহা চিহ্নিত করে সমাধানের নিমিত্ত এ কার্যালয়কে লিখিতভাবে অবহিত করতে হবে। .<br>(গ) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)গণ-কে ই-নামজারীর বিষয়টি নিয়মিতভাবে তদারকী করতে হবে।<br>(ঘ) মৌলভীবাজার জেলার ২য় খন্ডের মামলা নিষ্পত্তির কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে । | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/ মৌলভীবাজার<br>(৫-৮) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/ মৌলভীবাজার |
| ১০ | জরিপ বিভাগ | (ক) সরকারি খাস জমি যাতে কোন ব্যক্তি বা সংস্থার নামে রেকর্ড না হয় সে বিষয়টি নিশ্চিত করতে হবে ।<br>(খ) চূড়ান্তভাবে প্রকাশিত ভলিউমের হস্তান্তর সংক্রান্ত তথ্যাদি প্রেরণ করতে হবে ।<br>(গ) জোনাল সেটেলমেন্ট অফিসারের কার্যালয়ের টেকনিকেল টিমের সহায়তায় আন্ত:জেলা সীমানা বিরোধ নিষ্পত্তির নিমিত্ত সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন । | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার<br>(৫) জোনাল সেটেলমেন্ট অফিসার, সিলেট |
| ১১ | আশ্রয়ণ প্রকল্প<br>**১১.১** আশ্রয়ণ-২ প্রকল্প;<br>**১১.২** আশ্রয়ণ প্রকল্প-২ এর অধীনে সিলেট বিভাগে 'যার জমি আছে ঘর নেই তার নিজ জমিতে গৃহ নির্মাণ' এর (খ-শ্রেণী) গৃহহীনের তথ্য সংক্রান্ত | (ক) আশ্রয়ণ প্রকল্পসমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে। পরিদর্শনে উপকারভোগী পাওয়া না গেলে বিধি মোতাবেক ব্যবস্থা নিতে হবে ।<br>(খ) "যার জমি আছে ঘর নেই তার নিজ জমিতে গৃহ নির্মাণ" প্রকল্পের আওতায় নির্মাণাধীন গৃহের গুণগতমান নিশ্চিত করে নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করতে হবে এবং নিয়মিতভাবে এ কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে । | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার |

| | | | |
|---|---|---|---|
| | ১১.৩ মুজিব শতবর্ষ উপলক্ষে আশ্রয়ণ-২ প্রকল্পের অধীনে 'ক' শ্রেণির চলমান গৃহ নির্মাণ কাজের অগ্রগতি | (ক) মুজিব শতবর্ষ উপলক্ষে আশ্রয়ণ-২ প্রকল্পের অধীনে 'ক' শ্রেণির চলমান গৃহনির্মাণ কাজের অগ্রগতির তথ্য ছক মোতাবেক নিয়মিতভাবে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে<br>(খ) আশ্রয়ণ প্রকল্পের ঘরের কোয়ালিটি ঠিক রেখে সঠিকভাবে কাজ সম্পন্ন করতে হবে<br>(গ) আশ্রয়ণ প্রকল্পের ক্ষতিগ্রস্ত গৃহগুলো সরেজমিন পরিদর্শন করে দ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার |
| | ১১.৪ মুজিব শতবর্ষ উপলক্ষে আশ্রয়ণ-২ প্রকল্পের অধীনে ব্যক্তি/সংস্থার উদ্যোগে প্রতিশ্রুত ঘরের নির্মাণ কাজের অগ্রগতি | (ক) মুজিব শতবর্ষ উপলক্ষে আশ্রয়ণ-২ প্রকল্পের অধীনে ব্যক্তি/সংস্থার উদ্যোগে প্রতিশ্রুত ঘরের নির্মাণ কাজ সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার |
| | ১১.৫ গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্প সংক্রান্ত | গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) স্থাপনের জন্য প্রত্যেক জেলা হতে প্রস্তাব প্রেরণ করতে হবে | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার |
| ১২ | শিক্ষা বিভাগের কার্যক্রম | (ক) আশ্রয়ণ প্রকল্পগুলোতে পরিদর্শন বাড়াতে হবে<br>(খ) হোম ভিজিটের মাধ্যমে বিদ্যালয়ে শিক্ষার্থীদের উপস্থিতির হার বাড়াতে হবে<br>(গ) আশ্রয়ণ ও আবাসনের শিক্ষার্থীদের প্রতিবেদন নিয়মিতভাবে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে<br>(ঘ) প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষকের কোভিড-১৯ এর ০২ (দুই) ডোজ টিকা গ্রহণ নিশ্চিত করতে হবে | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার<br>(৫) উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ, সিলেট |
| ১৩ | বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট এর কার্যক্রম | (ক) আশ্রয়ণ প্রকল্পে বসবাসকারী প্রত্যেক পরিবারকে প্রশিক্ষণের আওতায় নিয়ে আসতে হবে<br>(খ) প্রশিক্ষণ প্রাপ্ত পরিবারগুলোর মধ্যে আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রাখতে হবে | পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট |
| ১৪ | সমবায় বিভাগের কার্যক্রম<br>১৩.১ রাজস্ব আদায়<br>১৩.২ আশ্রয়ণ প্রকল্পের ঋণ কার্যক্রমের অগ্রগতি | (ক) ঋণ আদায় কার্যক্রম বৃদ্ধির পাশাপাশি আশ্রয়ণ প্রকল্পে বসবাসকারীদের জীবনমান উন্নয়নে কাজ করতে হবে<br>(খ) ঋণ আদায়ের ক্ষেত্রে ঋণ গ্রহিতাকে খুঁজে পাওয়া না গেলে পরবর্তী করণীয় সম্পর্কে পরামর্শ চেয়ে প্রকল্প পরিচালক বরাবর পত্র লিখতে হবে<br>(গ) সংশ্লিষ্ট সকলকে আশ্রয়ণ প্রকল্প নিয়মিত পরিদর্শন করে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রতিবেদন প্রেরণ করতে হবে | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার<br>(৫) যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, সিলেট বিভাগ, সিলেট |

| | | | |
|---|---|---|---|
| ১৫ | পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম | (ক) স্থায়ী ও অস্থায়ী ব্যবস্থা গ্রহণ করে না এমন দম্পতিদের মোটিভেশনের মাধ্যমে জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণের আওতায় আনতে হবে | (১) পরিচালক, পরিবার পরিকল্পনা, সিলেট বিভাগ, সিলেট |
| ১৬ | অর্পিত সম্পত্তি | (ক) লীজকৃত অর্পিত সম্পত্তির বকেয়া ও হাল সনের দাবি আদায়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে<br>(খ) জেলা প্রশাসক ও অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)গণ পরিদর্শনের সময় নবায়ন কেস পর্যালোচনা করে আদায় বৃদ্ধি করতে হবে<br>(গ) বকেয়া দাবি আদায়ের জন্য লীজ গ্রহীতাকে নোটিশ প্রদান করে যথাযথভাবে জারীর ব্যবস্থা নিয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/ মৌলভীবাজার |
| ১৭ | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), জেলা প্রশাসক এবং অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কর্তৃক ভূমি অফিসসমূহ পরিদর্শন ও দর্শন এর বিবরণ | (ক) দর্শন ও পরিদর্শনের প্রমাপ অর্জন করতে হবে<br>(খ) দর্শন ও পরিদর্শন প্রতিবেদন আবশ্যিকভাবে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে | (১) অতিরিক্ত কমিশনার (রাজস্ব), সিলেট<br>(২-৫) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার |
| ১৮ | ভূমি অধিগ্রহণ সংক্রান্ত কার্যক্রম | (ক) জেলা প্রশাসকগণ কর্তৃক জেলা রাজস্ব সম্মেলনে আলোচনা করে ক্ষতিপূরণের জন্য প্রাপ্ত আবেদন দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে<br>(খ) ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে ভূমির ব্যবহার অনুযায়ী ভূমির শ্রেণী যথাযথভাবে উল্লেখ করে প্রস্তাব প্রেরণ করতে হবে | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার |
| ১৯ | ওয়াকফ্ পরিদর্শকগণ কর্তৃক পরিদর্শন প্রতিবেদন প্রেরণ | (ক) ওয়াকফ্ পরিদর্শকগণ ঢাকায় প্রশিক্ষণে থাকায় সভায় অংশগ্রহণ করতে পারেননি। আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো | (১) ওয়াকফ্ পরিদর্শক, সিলেট ও সুনামগঞ্জ<br>(২) ওয়াকফ্ পরিদর্শক, মৌলভীবাজার ও হবিগঞ্জ |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ খলিলুর রহমান
বিভাগীয় কমিশনার, সিলেট

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৬.০৬.০১০.১৫.৪৬৯

তারিখ: ১৮ আশ্বিন ১৪২৮
০৩ অক্টোবর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১/১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।

৩) প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

৪) জাতীয় প্রকল্প পরিচালক, ভূমি মন্ত্রণালয়, ৩/১, নীলক্ষেত, বাবুপুরা, ঢাকা-১২০৫।

৫) পরিচালক, পরিবার পরিকল্পনা, বিভাগীয় কার্যালয়, সিলেট।

৬) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।

৭) উপ-ভূমি সংস্কার কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

৮) জোনাল সেটেলমেন্ট অফিসার, জোনাল সেটেলমেন্ট অফিস, সিলেট।

৯) পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, সিলেট।

১০) বিভাগীয় যুগ্ম-নিবন্ধক (রুটিন দায়িত্ব), বিভাগীয় সমবায় কার্যালয়,সিলেট।

১১) উপপরিচালক (চলতি দায়িত্ব), বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা, সিলেট।

১২) সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), সিলেট।

১৩) ওয়াকফ্ পরিদর্শক, সিলেট।

১৪) ওয়াকফ্ পরিদর্শক, মৌলভীবাজার।

১৫) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট (কার্যবিবরণীটি এ কার্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

মোঃ ফজলুল কবীর
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব)